দৈনিক
জনকণ্ঠ

তারিখ 20 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার সময়সূচী প্রকাশ

**স্টাফ রিপোর্টার ।** আসন্ন প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার সময়সূচী প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। মঙ্গলবার প্রাথমিক শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক (সংস্থাপন) এ এইচ এম গোলাম কিবরিয়া স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে আগামী ১৯ নবেম্বর থেকে পরীক্ষা শুরু হয়ে ২৬ নবেম্বর পরীক্ষা শেষ হওয়ার কথা বলা হয়েছে।

প্রতিদিন সকাল ১১টা থেকে পরীক্ষা শুরু হবে। পরীক্ষার সময়সূচী অনুযায়ী, ১৯ নবেম্বর (রবিবার) ইংরেজী (প্রাথমিক ও ইবতেদায়ী), ২০ নবেম্বর (সোমবার) বাংলা (প্রাথমিক ও ইবতেদায়ী), ২১ নবেম্বর (মঙ্গলবার) বাংলাদেশ ও বিশ্বপরিচয় (প্রাথমিক), বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং বিজ্ঞান (ইবতেদায়ী)।

২২ নবেম্বর (বুধবার) প্রাথমিক বিজ্ঞান (প্রাথমিক) ও আরবী (ইবতেদায়ী), ২৩ নবেম্বর (বৃহস্পতিবার) ধর্ম ও নৈতিক শিক্ষা (প্রাথমিক) এবং কুরআন মাজিদ এবং আকাইদ ও ফিকহ (ইবতেদায়ী), ২৬ নবেম্বর (রবিবার) গণিত (প্রাথমিক ও ইবতেদায়ী) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**ত্রয়োদশ শিক্ষক নিবন্ধনে উত্তীর্ণদের নিয়োগ দাবি ।** পরিপত্র ও গেজেট বাস্তবায়নে ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণদের দ্রুত একক নিয়োগের দাবি উঠেছে। মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধন থেকে চূড়ান্তভাবে উত্তীর্ণরা এ দাবি জানান। মানববন্ধনে প্রার্থীরা বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য ইতোমধ্যে সরকার তথা এনটিআরসিএ ২০১৫ সালে নতুন বিধিমালা প্রণয়ন করেছে, যা মানসম্মত শিক্ষক নিয়োগের জন্য খুবই কার্যকরী পদক্ষেপ। তারই আলোকে ২০১৬ সালে প্রকাশিত বেসরকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষার পরিপত্র প্রকাশ করে।

সে পরিপত্রের ধারাবাহিকতায় আমরা অংশগ্রহণ করে পর্যায়ক্রমে প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। কিন্তু দুঃখের বিষয় আমরা সেই পরিপত্র ও গেজেটের বাস্তবায়নের কোন নির্দেশনা দেখতে পাচ্ছি না। যে কারণে আমরা চরম হতাশায় রয়েছি। তারা আরও বলেন, শূন্য আসনের বিপরীতে আমাদের টিকানো হয়েছে। এনটিআরসির পরিপত্র ও গেজেটেও বলা ছিল শূন্য আসনের বিপরীতে প্রার্থীদের টিকানো হবে, যা পরিপত্রের ১০ নং অনুচ্ছেদের (ঝ) এ উল্লেখ আছে। তাই পরিপত্র ও গেজেট বাস্তবায়নে আমরা নিয়োগ পাওয়ার দাবিদার। আয়োজক সংগঠনের আহ্বায়ক আরিফুর রহমানের সভাপতিত্বে মানববন্ধনে ঢাকা জেলায় ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীরা উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর